দৈনিক ইত্তেফাক

৩/৬/৩০/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১১ কলাম ৩

# ভৈরবে ৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জীর্ণদশা

ভৈরব সংবাদদাতা ॥ ভৈরব উপজেলার ৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনগুলি ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িয়াছে। বিদ্যালয়গুলি হইতেছে : কালিকা প্রসাদ সরকারী প্রাইমারী স্কুল, শিবপুর সরকারী প্রাইমারী স্কুল, বাটি কৃষ্ণনগর প্রাইমারী স্কুল, তেরীরচর সরকারী প্রাইমারী স্কুল, লুন্দিয়া সরকারী প্রাইমারী স্কুল, চণ্ডিবের হাজী হোসেন আলী সরকারী প্রাইমারী স্কুল, নবীপুর সরকারী প্রাইমারী স্কুল, জগন্নাথপুর নতুন সরকারী প্রাইমারী স্কুল এবং ভবানীপুর সরকারী প্রাইমারী স্কুল।

উল্লিখিত ৯টি বিদ্যালয় ভবন ও কাঁচা গৃহগুলি এতই জরাজীর্ণ যে, যেকোন সময় দুর্ঘটনা ঘটিতে পারে। উপজেলা শিক্ষা অফিসার যথারীতি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিদ্যালয়গুলি মেরামত অথবা নিলামে বিক্রি করার তাগিদ দিয়া রিপোর্ট পেশ করিয়াছেন। কিন্তু এই পর্যন্ত মেরামত অথবা নিলামে বিক্রির কোন উদ্যোগ নেওয়া হয় নাই।